

# Official Spokesperson's response to a query about remarks by Chinese MFA Spokesperson on 29 September 2021 regarding the border situation

September 30, 2021

সীমান্ত পরিস্থিতির উপরে চিনা পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের মুখপাত্রের 29 শে সেপ্টেম্বর 2021 তারিখে মন্তব্যের উপরে প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

সেপ্টেম্বর 30, 2021

সীমান্ত পরিস্থিতির উপরে চিনা পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের মুখপাত্রের 29 শে সেপ্টেম্বর 2021 তারিখে মন্তব্যের উপরে প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি তার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেছেন:

ইতিমধ্যে কিছুদিন আগেই আমরা আমাদের অবস্থান পরিষ্কার ভাবে ব্যক্ত করে এই ধরনের ভিত্তিহীন বিবৃতিকে আমরা নাকচ করেছি। চিনের তরফ থেকে প্রচুর সংখ্যার সৈন্য জমায়েত করা হয়েছিল। তাদের উস্কানি মূলক আচরণ এবং একতরফা ভাবে স্থিতিশীল অবস্থাকে পরিবর্তন করার প্রচেষ্টা আমাদের দ্বিপাক্ষিক চুক্তির পরিপন্থী; যার ফলে পূর্ব লাদাখের প্রকৃত সীমান্তরেখা বরাবর শান্তি এবং সুস্থিতি মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে। চিন ক্রমাগতভাবে সীমান্ত এলাকায় প্রচুর সংখ্যক সৈন্য এবং যুদ্ধোপকরণ জড়ো করে চলেছে। ভারতের নিরাপত্তা যে সম্পূর্ণরূপে সুরক্ষিত তা সুনিশ্চিত করার জন্য চিনের সৈন্য সমাবেশের যথাযথ প্রত্যুত্তরে আমরা আমাদের সৈন্য বাহিনী সেই এলাকায় জড়ো করেছিলাম, এটা ছিল চিনের প্রক্রিয়ার বিরুদ্ধে আমাদের প্রতিক্রিয়া। এই মাসের প্রথম দিকে চিনের বিদেশ মন্ত্রীর সাথে আমাদের বিদেশ মন্ত্রীর বৈঠকে তিনি জোর দিয়েছিলেন যে, এটি আমাদের প্রত্যাশা যে, দ্বিপাক্ষিক চুক্তি ও প্রটোকলগুলি সম্পূর্ণ মেনে চলে, চিনা পক্ষ পূর্ব লাদাখের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বাকি সমস্যাগুলি দ্রুত সমাধানের লক্ষ্যে কাজ করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 30, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.